[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিতরণ করা হয়।

এসময় লেডিস ক্লাবের সভাপতি জেলা প্রশাসক পত্নী শ্যামলী রানী নাথ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরোদ্দাজা শুভ, সহ-সভাপতি রোজী আহমেদ, ক্রীড়া সম্পাদক শাহরিনা আক্তার, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী রানী দত্ত, সদস্য ঋতু দাস, সেলিনা রহমান মিনা, নমিতা ভৌমিক, রাশেদা খানম প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট লায়লা ইয়াসমিন।

পরে শীতার্ত অসহায় ও দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

জীবননগরে প্রবীণদের মাঝে শীতবস্ত্র বিতরণ করলেন জেলা প্রশাসক

জীবননগরে প্রবীণদের মাঝে শীতবস্ত্র কম্বল, বয়স্কভাতা ও হুইল চেয়ার বিতারণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুর ২টার সময় জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে বাঁকা ইউনিয়ন পরিষদ চত্তরে কম্বল বিতরণ করা হয়।
বাঁকা ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি সাবেক শিক্ষক রশিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। তিনি প্রবীণদের মাঝে শীতবস্ত্র কম্বল, বয়স্ক ভাতা ও প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন।

এ তিনি বলেন, প্রশাসন এখন জনবান্ধব সাধারণ জনগনের সেবার জন্য প্রশাসন সব সময় প্রস্তুত। প্রবীণদের জীবনমান উন্নয়নরে জন্য আমাদের সকলকে এগিয়ে আসতে হবে।

নুজরাত পারভিনের উপস্থাপনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোতুর্জা, বাঁকা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাখাওয়াত হোসেন ফরজ, বাঁকা ইউপি সদস্য আব্দুল মান্নান, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী কামরুজ্জামান যুদ্ধ প্রমুখ।

- জীবননগর প্রতিনিধি

ঝিনাইদহে স্বপ্নসিড়ি’র উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহে স্বপ্নসিড়ি সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে হতদরিদ্র ছিন্নমূল মানুষের মধ্যে শীতবস্ত্র বিতারণ করা হয়েছে। বুধবার ১২টায় শহরের স্বপ্নসিড়ি’র কার্যালয়ে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে স্বপ্নসিড়ি সমাজ কল্যাণ সংস্থা’র নির্বাহী পরিচালক রুবেল পারভেজ এর সভাপতিত্বে প্রধান থেকে শীতবস্ত্র বিতরণ করেন জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ।

বিশেষ অতিথি ছিলেন সমাজসেবা অধিদপ্তরের সহকারি পরিচালক আব্দুল্লাহ আল সামী, ঝিনাইদহ শহর সমাজসেবা কর্মকর্তা মমিনুর রহমান, কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন।

এছাড়াও সংস্থার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এ উপলক্ষে আলোচনা শেষে ৫০ জন দরিদ্র মানুষের মধ্যে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

“আমরা আলোর পথে” সংগঠনের পক্ষ থেকে শীত বস্ত্র বিতরণ

মেহেরপুরের সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের আমরা আলোর পথে সংগঠনের পক্ষ থেকে গরীব অসহায় মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে খোকসা গ্রামে সংগঠনের কার্যালয়ের সামনে আমরা আলোর পথে সংগঠনের আয়োজনে শীত বস্ত্র বিতরণ ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজি কাদের মহাম্মদ ফজলে রাব্বি।

প্রধান বক্তার বক্তব্য রাখেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুনু।

সংগঠনের সভাপতি আরিফুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ইউপি সদস্য আমিল উদ্দিন খান, সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক জি.এস. জুয়েল।

অনুষ্ঠানটির পরিচালনায় ছিলেন, মো: সাকিল আহম্মেদ ও মো: সাজিবুল ইসলাম। আলোচনা সভা শেষে গ্রামের ৮০জন হতদরিদ্রদের মাঝে কম্বল বিতরণ করা হয়।
এর আগে আয়োজক কমিটির পক্ষ থেকে অনুষ্ঠানের প্রধান অতিথি, প্রধান বক্তা ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার সাংবাদিক এ সিদ্দিকী শাহীনকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

ঝিনাইদহে পুনাকের পক্ষ থেকে

শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহে পুলিশের নারী কল্যাণ সমিতির (পুনাক) পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

রোববার বিকেলে পুলিশ লাইনসে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, কনক কুমার দাস, তারেক আল মেহেদী, সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম, পুনাকের সভাপতি নাহিদা আফরোজ, সহ-সভাপতি লাইলা আক্তার, সাধারণ সম্পাদক রিতু দাস, কোষাধ্যক্ষ রাশেদা খানম, সদস্য সুমাইয়া সুচনা, সুলতানা পারভীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২ শতাধিক অসহায় দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

মেহেরপুরে বাড়ি বাড়ি ঘুরে দুস্থ শীতার্তদের মাঝে ওটিক গ্রুপের কম্বল বিতরণ

মেহেরপুর সদরের পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে বাড়ি বাড়ি ঘুরে দুস্থ অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেলন ওটিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী ইউসুব আলী।

গতকাল বৃহষ্পতিবার সন্ধ্যায় প্রথমেই তিনি নিজ গ্রাম চাঁদপুরের গরীব অসহায় ও দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ শুরু করেন। পরে তিনি বাড়ি বাড়ি গিয়ে সিংহাটি, দরবেশপুর ও রাজনগর গ্রামের গরীব অসহায় ও দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন।

ওটিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী ইউসুব আলী বলেন-সমাজের দরিদ্র অসহায় মানুষের জন্য কিছু করে যেতে পারলে সেটায় আত্নতৃপ্তি।
কম্বল বিতরণকালে উপস্থিত ছিলেন- আশকার আলী মন্ডল, সাইফুল, সেলিম রেজা, আঃ মোমিন প্রমুখ।

- বারাদী প্রতিনিধি

ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

‘মানুষ মানুষের জন্য’ এ স্লোগানে ঝিনাইদহ জেলা পুলিশের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয় চত্বরে এ কম্বল বিতরণ করা হয়।
এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান বলেন, আমাদের সামান্য সহযোগিতায় একজন শীতার্ত মানুষ পেতে পারে উঞ্চতার ছোঁয়া। লাঘব হতে পারে অনেকের কষ্ট। তাই অসহায়, দুঃস্থ ও শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়ে আমাদের মানবতার সেবায় এগিয়ে আসতে হবে। পরে সদর উপজেলার অর্ধশতাধিক দুস্থ: অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়।
– ঝিনাইদহ প্রতিনিধি

সাংবাদিক তাপসের কম্বল বিতরণ

গত কয়েকদিন থেকে মেহেরপুরসহ দেশে শত্য প্রবাহ চলছে। এই শীতে সবচাইতে বেশি কষ্ট পাচ্ছে গরিব অসহায় দুস্থ মানুষেরা। এসব মানুষের পাশে দাঁড়াতে সাংবাদিক তাপস শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে।

গতকাল রবিবার তার নিজ গ্রাম গাংনীর ঢেপা ও পাশের গ্রাম জুগিন্দা তে ১০০ কম্বল গরিব অসহায় মানুষের মাঝে বিতরণ করেন।

এ সময় কম্বল পেয়ে এক বৃদ্ধ মহিলা জানান, এই শীতে সবার আগে তাপসের কাছ থেকে কম্বল পেয়ে আমি খুব আনন্দিত। আল্লাহ যেন তাকে আরো দেওয়ার তৌফিক দান করেন।

সাংবাদিক তাপস জানান, মূলত আমি একটা মেসেজ দিতে চাই সমাজের বিত্তবান ব্যক্তিদের কাছে যার যতটুকু সামর্থ্য আছে সে যেন সমাজের অসহায় ও গরীব মানুষের পাশে থাকে।

এদিকে তাপসের এই মহতি উদ্যোগকে এলাকাবাসী সাধুবাদ জানিয়েছেন।

সাংবাদিক রেজ আন উল বাসার তাপস বেসরকারি টেলিভিশন এনটিভি মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন।

- নিজস্ব প্রতিনিধি